মোখলেছুর রহমান চৌধুরী
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল: ০১৯৪৭-৩৫ ৩২ ৪১

Mokhleasur Rahman Chowdhury
Councillor, Ward No.-19
Narayanganj City Corporation
Mobile : 01947-35 32 41

সূত্র-

তারিখ : ২২/02/2028 খ্রি.

# সভার নোটিশ

**বিষয়ঃ** ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (**WLCC**)'র সভা প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮/০২/২০২৪ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় সম্মানিত ১৯ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে।উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ-** ১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২।অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবন প্রসঙ্গে।

৩।অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

৪। বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা।

৫। টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।

শুভেচ্ছান্তে,

(আলহাজ্ব মোখলেছুর রহমান চৌধুরী)

কাউন্সিলর, ওয়ার্ডনং- ১৯

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

মোবাইল- ০১৮১৯১৪৭৪১০



CamScanner

# ১৯নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

১১২ পিএম রোড,মদনগঞ্জ,বন্দর

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## ১৯ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব আলহাজ্ব মোখলেছুর রহমান চৌধুরী
কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৯
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ১৯

সভার তারিখ ঃ ২৮/০২/২০২৪ খ্রিঃ

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়

সভার স্থান ঃ ১৯ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

### সভার উপস্থিতি তালিকা সংযোজনী "ক"তে সংযুক্ত ঃ

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ১৯ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আলহাজ্ব মোখলেছুর রহমান চৌধুরী কমিটির সদস্য সচিব জনাব নজিবুল হক ইমনকে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১:** গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব নজিবুল হক ইমন পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

**আলোচ্যসূচী-২:** অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনাঃ

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা। | ১৯নং WLCC'র সদস্য-সচিব জনাব নজিবুল হক ইমন অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য | উপরোক্ত অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা | প্রকৌশল বিভাগ, নারায়নগঞ্জ সিটি |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপস্থিত সবাইকে অনুরোধ জানান । উপস্থিত সদস্যগন নিম্ন অবকাঠামো নির্মান ও উন্নয়নের দাবী জানান ।<br><br>১। WLCC'র সদস্য আনিসুজ জ্জামান বলেন যে, নমুনাবাজার শাখা ড্রেন পরিষ্কার করা অতীব জরুরী।<br>২। মদনগঞ্জ কবরস্থান পুনর্বাসন এবং রক্ষণাবেক্ষণ ।<br>৩। মেইন রোড হতে মোক্তার বাড়ী পর্যন্ত ড্রেন ও রাস্তা সংস্কার ।<br>৪। মোশারফ সাহেব বলেন যে, শান্তিনগর প্রাইমারী স্কুলের পিছনের রোড হতে মতিনের বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান।<br>৫। মোল্লা বাড়ী হতে আহমজ্জান এর বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান।<br>৬। শান্তিনগর শাখা রোডে পর্যাপ্ত লাইট নেই।<br>৭। শান্তিনগর শাখা রোডে পর্যাপ্ত মশক নিধন ঔষধ দরকার।<br>৮। সোহেল মোল্লার বাড়ী হতে বাইতুল ফালাহ মসজিদ পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান।<br>৯। বটতলা হতে সৈয়ালদি ঘাট পর্যন্ত স্লাভ মেরামত করা অতীব জরুরী ।<br>১০। ১৯নং ওয়ার্ডে ড্রেন পরিষ্কার করা অতীব জরুরী ।<br>১১। কফিল মিয়ার বাড়ী হতে সেলিম মিয়ার বাড়ী পূর্ব দিক পর্যন্ত রাস্তা সংস্কার ও ড্রেন পরিষ্কার করা অতীব জরুরী ।<br>১২। আনোয়ার চৌধুরী বলেন যে, মদনগঞ্জ কবরস্থানে জানাজার স্থান নির্মান করা দরকার।<br>১৩। ১৯নং ওয়ার্ডে টিকা কেন্দ্র মেরামত করা দরকার । | সভায় সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয় এবং বর্নিত কার্যক্রম দ্রুত বাস্তবায়নের নিমিত্ত মেয়র, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | কর্পোরেশন। |

CamScanner

আলোচ্যসূচী-৩: অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ১৯ নং ওয়ার্ডের WLCC এর সদস্য সচিব জনাব নজিবুল হক ইমন জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চত করন,সেবার মানউন্নয়ন ও সুশাসন প্রতিষ্টার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিস্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে জনাব , মোহাম্মাদ মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ জানানোর ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন।জনাব হযরত আলী উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানউন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের অনুরোধ জানান। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানউন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | WLCC সদস্যগন, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন । |

CS CamScanner

আলোচ্যসূচী-৪: বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা। | WLCC সদস্য জনাব মোঃ আনিসুজজ্জামান সভায় বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে হতাশা প্রকাশ করেন। তিনি জানান তাদের ৫নং ওয়ার্ডে পরিচ্ছন্ন কর্মী কম থাকার ফলে বর্জ্য ব্যবস্থাপনা ঠিকমতো বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। পরিচ্ছন্নকর্মীর অভাবে বর্জ্য ঠিকমতো এবং এই কার্যক্রমকে আরও গতিশীল কারার অনুরোধ জানান। এ বিষয়ে WLCC সদস্য-সচিব জনাব নজিবুল হক ইমন সভাকে জানান যে, বর্তমানে বর্জ্য ব্যস্থাপনা অল্প পরিসরে বাস্তবায়ন করা হচ্ছে। | ১৯ নং ওয়ার্ডে পরিচ্ছন্ন কর্মী বৃদ্ধি করার সুপারিশ সভায় গৃহীত হয়। | পরিচ্ছন্ন বিভাগ, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৫:** টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| টিসিবি কার্যক্রম প্রসঙ্গে। | টিসিবি কার্যক্রম নিয়ে আলোচনা করেন, মোঃ সামসুল আরেফিন নিঝুম (কমিউনিটি কর্মী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন)। তিনি সভাকে জানান যে, স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে নিম্ন আয়ের মানুষের জন্য ভর্তুকী মূল্যে সরকার নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রয় করছে। এ সব পন্য স্মার্ট কার্ডের মাধ্যমে বিক্রয় করতে হবে। সে জন্য পরিবারের (যেকোনো একজনের) ১১ টি তথ্য সরবরাহ করতে হবে। তিনি দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য দাখিলের অনুরোধ জানান। ১৯ নং ওয়ার্ডে সর্বমোট বরাদ্দকৃত | মার্চ ২০২৪ সালের মধ্যে টিসিবি"র স্মার্ট কার্ডের প্রয়োজনীয় পারিবারিক তথ্যাদি দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৯নং ওয়ার্ড এর (WLCC)"র কমিটি। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপকারভোগীর সংখ্যা- ৪৩৫৩ টি। তন্মধ্যে ২৯৫৪ টি পরিবারের পূর্ণাঙ্গ তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট পরিবারের তথ্যাদি দ্রুততম সময়ের মধ্যে দাখিল করার অনুরোধ জানান। | | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(আলহাজ্ব মোখলেছুর রহমান চৌধুরী)

চেয়ারপার্সন, ১৯নং WLCC ও

কাউন্সিলর, ১৯নং ওয়ার্ড

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

মোবাইল ঃ০১৮১৯১৪৭৪১০

CamScanner

# সংযোজনী-ক

## ১৯ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা তালিকা।

তারিখঃ

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | আলহাজ্জ মোখলেছুর রহমান চৌধুরী | সভাপতি | |
| ০২ | জনাব শিউলি নওশাদ | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব মোঃ দুলাল | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ সেলিম | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ আবুল কাশেম | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ বাতেন মাদবর | সদস্য | |
| ০৭ | জনাব মোঃ আশরাফ উদ্দিন | সদস্য | |
| ০৮ | জনাব মোঃ মোশারফ হোসেন | সদস্য | |
| ০৯ | জনাব মোঃ আনিসুজ জ্জামান | সদস্য | |
| ১০ | জনাব মোঃ ফারুক | সদস্য | |

CS CamScanner

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব মোঃ ইকবাল হোসেন | সদস্য | |
| ১২ | জনাব সোহাগ প্রধান | সদস্য | মো: সোহাগ প্রধান |
| ১৩ | জনাব মোঃইব্রাহিম | সদস্য | ইব্রাহিম |
| ১৪ | জনাব মোসাঃ আশা | সদস্য | আশা |
| ১৫ | জনাব মোসাঃ হিরা | সদস্য | হিরা |
| ১৬ | বীর মুক্তিযোদ্ধা নুর হোসেন কমান্ডার | সদস্য | |
| ১৭ | জনাব জিয়াবুর রহমান | সদস্য | [illegible] |
| ১৮ | জনাব নাজিবুল হক ইমন | সদস্য সচিব | [illegible] 28.02.2024 |

CamScanner